যুগান্তর

তারিখ 1 AUG 2017 পৃষ্ঠা 2 কলাম 6

### ঢাবিতে শিক্ষক-শিক্ষার্থী হাতাহাতি

# স্বাধীন তদন্ত কমিটি ও সহকারী প্রক্টরের পদত্যাগ দাবি

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

ছাত্র প্রতিনিধি ছাড়া ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্যানেল গঠনের ঘটনাকে কেন্দ্র করে শিক্ষক শিক্ষার্থীদের মধ্যে হাতাহাতির ঘটনায় স্বাধীন তদন্ত কমিটি গঠনের দাবি জানিয়েছেন শিক্ষার্থীরা। কমিটির নিরপেক্ষতা নিয়ে প্রশ্ন তুলে তারা এ ঘটনা তদন্তে শিক্ষার্থী প্রতিনিধিসহ স্বাধীন কমিটি গঠনের দাবি জানান। সোমবার দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যান্টিনে 'ডাকসুর দাবিতে আন্দোলনরত শিক্ষার্থীবৃন্দ' ব্যানারে আয়োজিত এক সংবাদ সম্মেলন থেকে এ দাবি জানানো হয়।

সংবাদ সম্মেলন থেকে তারা অবিলম্বে ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচন দেয়া, শিক্ষার্থীদের ওপর 'হামলায়' নেতৃত্বদানকারী সহকারী প্রক্টর অধ্যাপক রবিউল ইসলামের পদত্যাগ এবং সুষ্ঠু তদন্তের মাধ্যমে শিক্ষার্থীদের ওপর হামলাকারীদের বিচারের আওতায় আনার দাবি জানান। এসব দাবিতে আগামী বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের অপরাজেয় বাংলার পাদদেশে বিক্ষোভ সমাবেশেরও ডাক দেন তারা। এ ছাড়া ১০ আগস্ট ক্রিয়াশীল সব ছাত্রসংগঠনের প্রতিনিধি, আন্দোলনকারী সাধারণ শিক্ষার্থীদের প্রতিনিধি ও উপাচার্যকে নিয়ে মধুর ক্যান্টিনে একটি উন্মুক্ত আলোচনার উদ্যোগ নেয়ার ঘোষণা দেন। গণমাধ্যম কর্মীদের উপস্থিতিতে সেখানে তারা ডাকসু কার্যকর করার উপায় সম্পর্কে আলোচনার ঘোষণা দেন।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য দেন গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের শিক্ষার্থী মাসুদ আল মাহদী। শিক্ষার্থীরা অভিযোগ করেন, তারা শনিবার উপাচার্য প্যানেল নির্বাচনের সময় পূর্বঘোষিত কর্মসূচি অনুযায়ী সিনেট ভবনের সামনে মানববন্ধন করতে যান। কিন্তু সেখানে মূল ফটকে তালা দিয়ে সহকারী প্রক্টর রবিউল ইসলাম, যৌন হয়রানির দায়ে অভিযুক্ত হয়ে অব্যাহতি পাওয়া শিক্ষক মাহমুদুর রহমান, ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগের সহকারী অধ্যাপক মিনা মাহাবুব হোসেনসহ ১৫-২০ শিক্ষক সেখানে মারমুখী অবস্থান নেন। সেখানে বহিরাগত দু'জন শিক্ষকও ছিলেন।